গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ১৬ জুলাই ২০১৫, ১ শ্রাবণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওয়ানডে ক্রিকেটে দক্ষিণ আফ্রিকাকে গুঁড়িয়ে দিয়ে টাইগারদের সিরিজ জয় : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

২। প্রধানমন্ত্রী আজ দুঃস্থ সাংবাদিকদের অনুদানের চেক দেবেন

৩। বাংলাদেশ এখন দক্ষিণ এশিয়ার মধ্যে শান্তিপূর্ণ দেশ : স্বাস্থ্যমন্ত্রী

৪। দায়িত্বে অবহেলায় প্রকৌশলীকে বরখাস্ত করলেন সড়ক মন্ত্রী

৫। ফিটনেসবিহীন লঞ্চ চলাচলের অনুমতি দেওয়া হবে না : নৌমন্ত্রী

৬। নিষ্ঠার সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীদের

৭। রাজন হত্যার বিচার বিশেষ ট্রাইব্যুনালে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

৮। মিয়ানমারের দুই 'অপহৃত'সেনা বাংলাদেশে উদ্ধার

৯। ঈদে রাজধানীর নিরাপত্তায় ১০ হাজার পুলিশ-র‌্যাব

১০। প্রবৃদ্ধির উন্নতি সাধনের সহজপথ আঞ্চলিক অর্থনৈতিক সম্প্রীতি জোরদার করা : আইসিসিবির তথ্য

১১। পর্যটন বর্ষ-২০১৬ উপলক্ষে দেশি-বিদেশি পর্যটকদের জন্য বিশেষ ছাড়

চলমান পাতা/২

১। ওয়ানডে ক্রিকেটে দক্ষিণ আফ্রিকাকে গুঁড়িয়ে দিয়ে টাইগারদের সিরিজ জয়
: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

একদিনের ক্রিকেটে পাকিস্তান, ভারতের পর বিশ্বের আরেক পরাক্রমশালী দল দক্ষিণ আফ্রিকাকে গতকাল ১৫ জুলাই বুধবার চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে ১০ উইকেটের বিশাল ব্যবধানে হারিয়ে (২-১) ওয়ানডে ক্রিকেটে সিরিজ জয় করেছে। গণমাধ্যমগুলো বলেছে, এবার ঈদ উপলক্ষে দেশবাসীকে এক অনন্য উপহার দিলেন বাংলাদেশের টাইগাররা। ঈদের আগেই দক্ষিণ আফ্রিকার সঙ্গে সিরিজ জয় করে সাধারণ মানুষেরও মন জয় করেছে বাংলাদেশ ক্রিকেট দল। এদিকে টাইগারদের সিরিজ জয়ে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র: জনকণ্ঠ, ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, যুগান্তর, সংবাদ, ডেইলি স্টার, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। প্রধানমন্ত্রী আজ দুঃস্থ সাংবাদিকদের অনুদানের চেক দেবেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ১৬ জুলাই বৃহস্পতিবার অসুস্থ, আর্থিকভাবে অসচ্ছল, দুর্ঘটনায় আহত এবং মৃত সাংবাদিকদের পরিবারকে অনুদানের চেক হস্তান্তর করবেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এই অনুদানের চেক হস্তান্তর হবে। ২০১৪-১৫ অর্থবছরে মোট ১৮১ জন সাংবাদিককে প্রায় এক কোটি ২০ লাখ টাকার অনুদান দেওয়া হবে। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এবং সাংবাদিক নেতৃবৃন্দ এ সময় উপস্থিত থাকবেন। সূত্র: সমকাল (পৃ.১৭,ক.৩), নিউজ টুডে (পৃ.৩,ক.৫), নিউ নেশন (পৃ.৩,ক.৫)।

৩। বাংলাদেশ এখন দক্ষিণ এশিয়ার মধ্যে শান্তিপূর্ণ দেশ : স্বাস্থ্যমন্ত্রী

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, কেন্দ্রীয় ১৪ দলের মুখপাত্র এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় নেতৃত্বের কারণেই বাংলাদেশ এখন দক্ষিণ এশিয়ার মধ্যে শান্তিপূর্ণ দেশ হিসেবে পরিচিত হয়ে উঠেছে। গতকাল ১৫ জুলাই বুধবার সিরাজগঞ্জের রায়গঞ্জে সরকারের কম্পিউটার আউটসোর্সিং কর্মসূচির সনদপত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, তথ্য প্রযুক্তিতে বাংলাদেশ অনেক এগিয়েছে। ঘরেই বসেই যুবকরা অর্থ উপার্জন করে নিজেরা স্বাবলম্বী হচ্ছে। সূত্র: ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), যুগান্তর (পৃ.২,ক.৫), ডেইলি সান (পৃ.২,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

৪। দায়িত্বে অবহেলায় প্রকৌশলীকে বরখাস্ত করলেন সড়ক মন্ত্রী

দায়িত্বে অবহেলার কারণে ঢাকা জেলা সড়ক ও জনপথ বিভাগের প্রকৌশলী আতাউর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করেছেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ১৫ জুলাই বুধবার আব্দুল্লাপুর-বাইপাইল সড়ক পরিদর্শনে এসে ঈদকে সামনে রেখে মহাসড়ক মেরামতের কাজে অবহেলার দায়ে তাকে বরখাস্ত করেন মন্ত্রী। মন্ত্রী সাংবাদিকদের সঙ্গে আলাপকালে জানান, সারাদেশের মধ্যে আশুলিয়ার আব্দুল্লাহপুর-বাইপাইল সড়কের অবস্থা সবচাইতে বেহাল দশায় রয়েছে। প্রয়োজনে পাম্প বসিয়ে জলাবদ্ধতা দূর করে সড়কটি চলাচলের উপযোগী করার নির্দেশ দেন তিনি। সূত্র: ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (পৃ.৩,ক.৮)।

৫। ফিটনেসবিহীন লঞ্চ চলাচলের অনুমতি দেওয়া হবে না : নৌমন্ত্রী

নৌ পরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, ৫০০ ফিটনেসবিহীন লঞ্চ রঙ করে নামানো হচ্ছে বলে পত্রিকায় খবর বেরিয়েছে। ঈদ এলে সবাই যানবাহনের সৌন্দর্য বাড়ায়, ছোটখাটো ত্রুটিও মেরামত করে। কিন্তু সেগুলো ফিটনেসবিহীন লঞ্চ নয়। আমরা কখনও ফিটনেসবিহীন লঞ্চ চলাচলের অনুমতি দিইনি, দেবও না। গতকাল ১৫ জুলাই বুধবার রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনাল পরিদর্শনকালে নৌ পরিবহণমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র: সমকাল (পৃ.১৭,ক.৩)।

৬। নিষ্ঠার সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীদের

নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন। তারা নিষ্ঠার সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের প্রতি যে আস্থা ও বিশ্বাস রেখেছেন, এর মর্যাদা রক্ষার চেষ্টা করবেন বলেও অঙ্গীকার ব্যক্ত করেছেন তারা। গতকাল ১৫ জুলাই বুধবার ধানমন্ডি ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান তারা। সূত্র: সমকাল (পৃ.১৯,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.১৯,ক.৪), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)।

৭। রাজন হত্যার বিচার বিশেষ ট্রাইব্যুনালে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, রাজন হত্যার বিচারে বিশেষ ট্রাইব্যুনাল গঠন করা হবে। এ নিয়ে আইনমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন তিনি। গতকাল ১৫ জুলাই বুধবার সিলেট শহরতলির কুমারগাঁও বাদে আলী গ্রামে নিহত রাজনের বাড়িতে গিয়ে রাজনের বাবা-মাকে সান্ত্বনা দেওয়ার সময় তিনি এসব কথা বলেন। এরপর সিলেট জেলা প্রশাসক কার্যালয়ে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রতিমন্ত্রী বলেন, ভবিষ্যতে রাজনের

মতো আর কেউ যেন এমন ঘটনার শিকার না হয় সে ব্যবস্থা করতে হবে। সূত্রঃ যুগান্তর (পৃ.২,ক.৪), প্রথম আলো (পৃ.৫,ক.১), যুগান্তর (পৃ.২,ক.৪), ডেইলি স্টার (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৬)।

৮। মিয়ানমারের দুই 'অপহৃত'সেনা বাংলাদেশে উদ্ধার

বাংলাদেশের সীমানার মধ্যে মিয়ানমারের দুজন 'অপহৃত' সেনাকে উদ্ধারের এক নজিরবিহীন ঘটনার কথা জানিয়েছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি। বাংলাদেশ সেনাবাহিনীর সঙ্গে যৌথভাবে পরিচালিত অভিযানে মিয়ানমারের দুই সেনাকে উদ্ধারের প্রসঙ্গে অবশ্য সেনাবাহিনীর পক্ষ থেকে কিছু বলা হয়নি। গতকাল ১৫ জুলাই বুধবার বিজিবির সংবাদ সম্মেলনে বলা হয়, ১৪ জুলাই সীমান্তে বিশেষ অভিযান চালানোর সময় অপহরণকারীরা এ দুজনকে ফেলে রেখে চলে যায় বলে ধারণা করা হচ্ছে। দুই সেনাসদস্যকে মিয়ানমারের কাছে ফেরত দেওয়া হবে। তবে বিজিবির পক্ষ থেকে মিয়ানমারের দুই সেনার নাম প্রকাশ করা হয়নি। সূত্রঃ প্রথম আলো (পৃ.১,ক.৭), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৯। ঈদে রাজধানীর নিরাপত্তায় ১০ হাজার পুলিশ-র‍্যাব

ঈদের ছুটিতে রাজধানীর নিরাপত্তায় মাঠে নেমেছেন আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় ১০ হাজার সদস্য। ব্যাংকসহ বিভিন্ন অর্থলগ্নি প্রতিষ্ঠান, মার্কেট, ব্যবসা প্রতিষ্ঠান এবং আবাসিক এলাকাগুলোতে ইতোমধ্যেই নজরদারি শুরু হয়েছে। রাজধানীর গুরুত্বপূর্ণ স্থানগুলোতে দশটি অস্থায়ী তল্লাশি ক্যাম্প স্থাপন করা হয়েছে। চুরি-ছিনতাই ঠেকাতে মাঠে থাকছে টহল পুলিশ। এছাড়া বিভিন্ন এলাকায় জনসচেতনতামূলক মাইকিংও করছে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। সূত্রঃ যুগান্তর (শেষ পৃ., ক.৬), আমাদের সময় (শেষ পৃ.,ক.৪)।

১০। প্রবৃদ্ধির উন্নতি সাধনের সহজপথ আঞ্চলিক অর্থনৈতিক সম্প্রীতি জোরদার করা : আইসিসিবির তথ্য

বাংলাদেশের ভৌগোলিক সুবিধা কাজে লাগাতে গভীর সমুদ্রবন্দর, বিসিআইএম ভুক্ত দেশগুলোর মধ্যে এনার্জির সহযোগিতাসহ বেশি বেশি অর্থনৈতিক ও শিল্প জোন প্রতিষ্ঠা করতে হবে বলে জানিয়েছে ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স বাংলাদেশ (আইসিসিবি)। গতকাল ১৫ জুলাই বুধবার আইসিসিবি'র ত্রৈমাসিক নিউজবুলেটিন এ তথ্য জানিয়েছে। আইসিসিবি মনে করে, বাংলাদেশের প্রবৃদ্ধির উন্নতি সাধনের সহজতর পথ হচ্ছে আঞ্চলিক অর্থনৈতিক সম্প্রীতিকে জোরদার করা। সূত্রঃ সংবাদ (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.৬), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬)।

১১। পর্যটন বর্ষ-২০১৬ উপলক্ষে দেশি-বিদেশি পর্যটকদের জন্য বিশেষ ছাড়

বাংলাদেশ পর্যটন বর্ষ ২০১৬-কে সফল করার লক্ষ্যে দেশি-বিদেশি পর্যটকদের বাংলাদেশ ভ্রমণে আকৃষ্ট করতে সরকারি-বেসরকারি বিমান পরিবহণ, পর্যটন আবাসন ও আপ্যায়ন সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোতে বিশেষ সুবিধা ঘোষণা দিয়েছে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন। গতকাল ১৫ জুলাই বুধবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে বেসরকারি বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং বাংলাদেশ টুরিজম বোর্ডের উদ্যোগে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। সূত্রঃ যুগান্তর (পৃ.১৫,ক.৬), আমাদের সময় (পৃ.৩,ক.৪)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : 'ডিবি' পরিচয় ব্যবহার করে শুধু সন্ত্রাসীরাই নয়, সরকারের বিভিন্ন এজেন্সির লোকজনও আসামি ধরছে - ডিবির যুগ্ম কমিশনারের এই অভিযোগে উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট সব মহলের টনক নড়ার প্রত্যাশা;

খ. ইত্তেফাক : গার্মেন্টস শ্রমিকদের প্রাপ্য বেতন-ভাতা দ্রুত পরিশোধের আহ্বান;

গ. যুগান্তর : মন্ত্রিসভার সম্প্রসারণে নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীদের স্ব স্ব দায়িত্ব নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে পালনের আহ্বান;

ঘ. সংবাদ : মুক্তিযোদ্ধার আত্মহননের তদন্তে বিচার বিভাগীয় কমিটি করার সুপারিশ;

ঙ. সমকাল : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ২০১৩ সালের জনসংখ্যা সংক্রান্ত যে মনিটরিং রিপোর্ট প্রকাশ করেছে তার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও শিক্ষা খাতে সরকারি ব্যয় বাড়ানোর ওপর গুরুত্বারোপ;

চ. জনকণ্ঠ : আইসিডিডিআরবি প্রণীত গবেষণায় ৮০ শতাংশ সরকারি চিকিৎসকের বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থাকার খবর অনাকাঙ্ক্ষিত বলে মন্তব্য করে ডাক্তারদের প্রকৃত সেবার মানসিকতার পরিচয় দেওয়ার আহ্বান;

ছ. ডেইলি স্টার : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মচারীদের যোগসাজশে চাঁদাবাজদের অবৈধ টোল আদায় জনগণের বিশ্বাসের সঙ্গে প্রতারণা করার শামিল বলে অভিমত;

জ. ইন্ডিপেনডেন্ট : দেশের তরুণ সমাজের অতিরিক্ত ইন্টারনেট আসক্তি প্রতিরোধে অভিভাবক ও সংশ্লিষ্টদের সচেতন হস্তক্ষেপ কামনা;

ঝ. ডেইলি সান : ভূগর্ভস্থ পানির স্তর অত্যাধিক নেমে গেলে সমগ্র দেশেই আর্সেনিক দূষণ দেখা দেওয়ার আশঙ্কা করে ভূউপরিস্থ পানির ব্যবহার আরও বাড়ানোর পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঞ. নিউজ টুডে : টেকনাফ ও কক্সবাজার সীমান্ত দিয়ে মহিলা ও শিশুদের মাধ্যমে মাদক, স্বর্ণ, অস্ত্র ও মানব পাচার প্রতিরোধে বিজিবিকে সীমান্ত পাহাড়া আরাও জোরদার করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে গত দেড় দশকে আওয়ামী লীগ ও বিএনপিতে আসীন সাধারণ সম্পাদক বা মহাসচিবরা অপেক্ষাকৃত কম বিতর্কিত থেকে নিজেদের পরিচ্ছন্ন ভাবমূর্তি গড়ে তুলতে পেরেছেন বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'যাকাত আদায়ের মানবিক পথ খোঁজা' শিরোনামের নিবন্ধে ড. এ কে এম শাহনেওয়াজ সামর্থ্যবানরা যাকাত আদায়ে যদি পরিকল্পনা মাফিক দারিদ্র্য বিমোচনে ভূমিকা রাখেন তবে এর চেয়ে ভালো আর কিছু হতে পারে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা